

জাপানের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

20শে মে, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 20শে মে, 2023 এ হিরোশিমায় G-7 শীর্ষ সম্মেলনের ফাঁকে জাপানের প্রধানমন্ত্রী শ্রী ফুমিও কিশিদার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন।

২. চলতি বছরের মার্চে প্রধানমন্ত্রী কিশিদার ভারত সফরের পর 2023 সালে এটিই ছিল তার দ্বিতীয় বৈঠক।

৩. হিরোশিমায় 2023 সালের মার্চ মাসে প্রধানমন্ত্রী মোদী যে বোধি চারা উপহার দিয়েছিলেন, তার চারা লাগানোর জন্য প্রধানমন্ত্রী কিশিদাকে ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী।

৪. প্রধানমন্ত্রী এদিনের বৈঠকে একথা স্মরণ করেন যে ভারতীয় সংসদ প্রতি বছর হিরোশিমা দিবস পালন করে এবং উল্লেখ করেন যে জাপানি কূটনীতিকরা সবদা এই অনুর্তানে উপস্থিত ছিলেন।

৫. G-20 ও G-7 প্রেসিডেন্সির প্রচেষ্টার সমন্বয় সাধনের উপায় নিয়ে আলোচনা করেন দুই নেতা। গ্লোবাল সাউথের উদ্বেগ ও অগ্রাধিকারতুলে ধরার প্রয়োজনীয়তার ওপর জোর দেন প্রধানমন্ত্রী।

৬. দুই দেশের নেতা সমসাময়িক আঞ্চলিক উন্নয়ন নিয়েও মতবিনিময় করেন। তারা ইন্দো-প্যাসিফিক অঞ্চলে সহযোগিতা আরও গভীর করার বিষয়েও আলোচনা করেন।

৭. দ্বিপাক্ষিক বিশেষ কৌশলগত ও বৈশ্বিক অংশীদারিত্বকে আরও জোরদার করার উপায় নিয়ে দুই দেশের নেতাই একমত হন। শিক্ষা, দক্ষতা উন্নয়ন, পর্যটন, লাইফস্টাইল ফর এনভায়রনমেন্ট (এলআইএফই), গ্রিন হাইড্রোজেন, উচ্চ প্রযুক্তি, সেমিকন্ডাক্টর এবং ডিজিটাল পাবলিক অবকাঠামো নিয়ে আলোচনা হয়। সন্ত্রাসবাদ মোকাবেলা এবং জাতিসংঘের সংস্কার নিয়েও এদিন আলোচনা হয়।

হিরোশিমা

20শে মে, 2023